

ঈদের আগেই সুখবর পেলেন ইবতেদায়ি মাদরাসার শিক্ষকরা

প্রেস বিজ্ঞপ্তি



সংগৃহীত ছবি

মাদরাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন স্বতন্ত্র ইবতেদায়ি মাদরাসার শিক্ষকদের গত নভেম্বর ও ডিসেম্বর মাসের আর্থিক অনুদানের সরকারি অংশের চেক সংশ্লিষ্ট ব্যাংকগুলোতে পাঠানো হয়েছে। রবিবার (১৫ মার্চ) অধিদপ্তর থেকে এসব চেক ব্যাংকের কাছে হস্তান্তর করা হয়।

গা পড়ুন



ইরানে বামপন্থীদের সক্রিয় সমর্থনে যেভাবে ঘটেছিল ইসলামী বিপ্লব

মাদরাসা শিক্ষা অধিদপ্তরের উপপরিচালক
(অর্থ) ড. কে এম শফিকুল ইসলাম স্বাক্ষরিত
এক বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, নভেম্বর ও ডিসেম্বর পর্যন্ত
দুই মাসের অনুদানের সরকারি অংশ হিসেবে
মোট চারটি চেক অনুদান বণ্টনকারী
ব্যাংকগুলোর কাছে হস্তান্তর করা হয়েছে।

পড়ুন



ব্রিটিশ বাংলাদেশি কাউন্সিলের সভাপতি
ফয়েজ, সম্পাদক সাবুল

এর মধ্যে অগ্রণী ও রূপালী ব্যাংক লিমিটেডের
প্রধান কার্যালয় এবং জনতা ও সোনালী ব্যাংক
লিমিটেডের স্থানীয় কার্যালয়ে এসব চেক
পাঠানো হয়েছে, যাতে সংশ্লিষ্ট শিক্ষকরা
সহজেই তাদের প্রাপ্য অর্থ উত্তোলন করতে
পারেন।

পড়ুন



২ মন্ত্রণালয়ের দায়িত্বে ডা. জাহেদ উর
রহমান

অধিদপ্তর জানায়, ১৫ মার্চের পর থেকে
শিক্ষকরা সংশ্লিষ্ট ব্যাংক শাখা থেকে তাদের
পাওনা অনুদানের অর্থ উত্তোলন করতে
পারবেন। দীর্ঘদিন পর দুই মাসের অনুদানের
অর্থ ছাড় হওয়ায় স্বতন্ত্র ইবতেদায়ি মাদরাসার
শিক্ষকদের মধ্যে স্বস্তি ফিরে এসেছে।